দৈনিক ইনকিলাব

তারিখ 16 DEC 1992
পৃষ্ঠা ৫ কলাম ৫

42

## শিক্ষাঙ্গন

### স্কুল সরকারীকরণ করা হোক

ডেমরা থানাধীন একে হাই স্কুল এ এলাকার সর্ববৃহৎ স্কুল হিসাবে সু-প্রতিষ্ঠিত। বর্তমানে ঢাকার মধ্যে হাতেগোনা যে ৮/১০ স্কুল যশ ও খ্যাতির শীর্ষে অবস্থান করছে, এ স্কুল সেগুলির অন্যতম। সরকারীকরণের সকল শর্ত সর্বক্ষেত্রে সম্পূর্ণরূপে পূরণ করতে ডেমরা থানায় কেবলমাত্র ঐ স্কুলই সক্ষম। তাই এ স্কুলকে সরকারী স্কুল হিসাবে দেখার স্বপ্ন এ এলাকার বাসিন্দাদের দীর্ঘদিনের। এ দাবী পূরণের মাধ্যমে একদিকে এলাকাবাসীর আজীবন লালিত আশা-আকাংখার বাস্তব প্রতিফলন ঘটবে। আশু প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এলাকাবাসী সরকারের নিকট জোর আবেদন জানাচ্ছে।

নুর মোহাম্মদ খান